



যুক্তরাষ্ট্র সফর শেষে দেশে ফিরলেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান



সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রে সরকারি সফর শেষ করে দেশে ফিরেছেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। শুক্রবার (১০ এপ্রিল) তিনি দেশে পৌঁছান। সফরকালে তিনি জর্জিয়া অঙ্গরাজ্যে বিভিন্ন আনুষ্ঠানিক কর্মসূচিতে অংশ নেন এবং গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সঙ্গে সাক্ষাৎ করেন। জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশি শান্তিরক্ষীদের উল্লেখযোগ্য ভূমিকার স্বীকৃতি হিসেবে জর্জিয়া কর্তৃপক্ষ তার হাতে একটি বিশেষ রেজুলেশন তুলে দেয়। এ সময় অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠকগুলোতে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

LENS ASIA